

কুয়েতের মহামহিম আমীরের সম্মানীয় অতিথি হিসেবে আরবী গাল্ফ কাপে উপস্থিত রইলেন
প্রধানমন্ত্রী

21 ডিসেম্বর, 2024

কুয়েতের আমীর মহামহিম শেখ মেশাল আল-আহমেদ আল-জাবের আল-সাবাহের আমন্ত্রণে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী 'গেস্ট অফ অনার' বা সম্মানীয় অতিথি হিসাবে কুয়েত-এর 26তম আরবী গাল্ফ কাপের উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। প্রধানমন্ত্রী কুয়েতের মহামহিম আমীর, মহামহিম যুবরাজ এবং মহামহিম প্রধানমন্ত্রীর সাথে এই রাজকীয় উদ্বোধনী অনুষ্ঠানে যোগদান করেন। এই অনুষ্ঠানটি কুয়েত নেতৃবৃন্দের সাথে প্রধানমন্ত্রীর একটি অনানুষ্ঠানিক যোগাযোগের সুযোগ প্রদান করেছে।

2. GCC দেশগুলি ছাড়াও ইরাক এবং ইয়েমেন-সহ মোট আটটি দেশের অংশগ্রহণ-সহ কুয়েত দ্বিবার্ষিক আরবী গাল্ফ কাপের আয়োজন করেছে। এই ফুটবল টুর্নামেন্টটি এই অঞ্চলের সবচেয়ে গুরুত্বপূর্ণ স্পোর্টিং ইভেন্টের মধ্যে অন্যতম। অংশগ্রহণকারী দেশগুলির মধ্যে কুয়েত সর্বাধিক বার এই টুর্নামেন্ট জিতেছে। সমস্ত অংশগ্রহণকারী দেশকে প্রধানমন্ত্রী তাঁর শুভকামনা জানান।

কুয়েত সিটি

21 ডিসেম্বর, 2024